গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে মহান বিজয় দিবস উদযাপন

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে মহান বিজয় দিবস উদযাপন ও শোভাযাত্রা করেছেন। আজ সকাল ৭ টার সময় স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন করে বিজয় র্যালির সূচনা করেন।

শোভাযাত্রায় কুতুবপুর স্কুল এন্ড কলেজের শত শত শিক্ষার্থী ও শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতিতে ব্যান্ড বাজিয়ে আজকের এই বিজয় দিবস উদযাপন করেন। বিজয় র্যালিতে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

শোভাযাত্রা শেষে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে স্বাধীনতার তীহ নিয়ে ছাত্রীদের মাঝে বক্তব্য রাখেন স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা। সর্বপরি কুতুবপুর স্কুল এন্ড কলেজের বার্ষিক ফলাফল ঘোষণা করেন। এই ঘোষণায় যারা প্রথম,দ্বিতীয়,তৃতীয় স্থান অধিকার করেছেন তাদের কে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান তার ব্যাক্তিগত উদ্যোগে প্রথম স্থান অধিকারী কে ২০০০,দ্বিতীয় স্থান অধিকারী কে ১৫০০ টাকা ও তৃতীয় স্থান অধিকারী কে ১০০০ টাকা করে পুরস্কৃত করেন।

তিনি জানান, লেখাপড়া ভালো করে করতে পারলে সকলকেই আমি পুরুষ্কৃত করবো। পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের কে নিয়ে বিজয় দিবসে যারা জীবন দিয়েছেন সেই সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনাই দোয়া করে অনুষ্ঠানের সমাপ্তি করেন।

গাংনীতে শহীদ বুদ্ধি দিবস পালন

উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে মহান শহীদ বুদ্ধি দিবস পালন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা প্রশাসনের সভা কক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা প্রশাসন আয়োজিত নির্বাহি কর্মকর্তা প্রিতম সাহার সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন,উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইন্চার্জ (তদন্ত) মনোজিত কুমার নন্দি।

উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ মাহাবুব মন্টুর সঞ্চালনায় আলোচনা সভায় উপজেলার সকল কর্মকর্তা, সাংবাদিকসহ জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা যথাযোগ্য মর্যাদায় শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর উপর গুরুত্ব আরোপ করেন।

গাংনীতে মসজিদ ভেঙে টিন লুট ভিন্ন মতাবলম্বীদের

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী ইউনিয়নের মহব্বতপুর গ্রামের পশ্চিমপাড়ায় আহলে হাদীস মতবালম্বীদের মসজিদ ভেঙে লুটপাটের অভিযোগ উঠেছে। লুটপাটের অভিযোগে মামলাও হয়েছে হানাফি মাজহাবের কয়েকজন মতাবলম্বীর বিরুদ্ধে।

স্থানীয়রা জানান ২২ সালের ডিসেম্বর মাসে আহলে হাদিসের মসজিদ নির্মাণের জন্য জমি ক্রয় করা হয়। গত অক্টোবর মাসে উক্ত জমিতে টিনের চাল ও বাঁশের বেড়া দিয়ে একটি মসজিদ তৈরি করা হয়। মসজিদ তৈরির পর থেকেই কয়েকজন ব্যক্তি মসজিদ ভাঙার পায়তারা সহ মসজিদ

নির্মাণকারীদের নানা রকম হুমকি ধামকি প্রদান করে আসছিল।

এরই ধারাবাহিকতায় গত ৯ ডিসেম্বর ফজরের নামাজের পর থেকে আহলে হাদিসের অনুসারীরা উক্ত মসজিদে নামাজ পড়া শুরু করলে তারা মসজিদ ভেঙে দেওয়ার হুমকি দেয়।

বিষয়টি নিয়ে আহলে হাদিসের সভাপতি হামিদুল ইসলাম রতন গাংনী থানায় একটি অভিযোগ করেন।

পরবর্তীতে ঐ দিনই মাগরিবের নামাজের পর মহব্বতপুর পশ্চিম পাড়ার মৃত রবিউদ্দিনের ছেলে আব্দুল খালেক, মৃত জমির উদ্দিনের ছেলে মোঃ ওহিদ আলী (৫৫), আব্দুল আজিজের ছেলে মোঃ মজনু আলী (৪০), আব্দুলের ছেলে মন্টু হোসেন (৫৫),আফসার উদ্দিনের ছেলে হাফিজুল ইসলাম (৫২), আব্দুল খালেকের ছেলে মারুফ হোসেন (৪০), মৃত রমজান আলীর ছেলে হোসেন (৫০), আব্দুল কাদেরের ছেলে রকিবউদ্দিন (৩৬), মৃত মনির ছেলে আবুল কালাম (৫০) সহ হানাফী মাযহাবের কয়েকজন আহলে হাদিসের মসজিদটি ভেঙে ফেলে। অতপর মসজিদের টিনের চালা সাথে করে নিয়ে যায় এবং চাটাই গুলো পাশের পুকুরে ফেলে দেয়।

পরে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে মসজিদের টিন ও চাটাই উদ্ধার করে। আহলে হাদিস মসজিদ কর্তৃপক্ষের অভিযোগ অনুযায়ী পরবর্তীতে থানায় একটি মামলা দায়ের করা হয়।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে মাঠ দিবস অনুষ্টিত

মেহেরপুর জেলার গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় প্রাণিসম্পদ মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে গাংনী শাখার হিজলবাড়িয়া গ্রামে ৭৫ জন খামারি নিয়ে নিবিড় পদ্ধতিতে মাচায় খাসি মোটাতাজা করণ বিষয়ে “প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ খামার দিবসে খাসি মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে খাসি মোটাতাজা করা যায়, খাসি মোটাতাজা করণের জন্য সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, খাসি মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়।

এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (পিপিআর,এফএমডি, তড়কা,এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ,এফএমডি, তড়কা, পিপিআর রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা,মাচায় ছাগল পালনের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়।

উক্ত খামার দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ।উক্ত খামার দিবস বাস্তবায়নে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ)।

গাংনীতে অধিক মুল্যে মাংস বিক্রয়, দুই ব্যবসায়ীকে জরিমানা

সরকার নির্ধারিত মুল্য না মেনে বেশি দামে গরুর মাংস বিক্রির অপরাধে মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে দুই মাংস ব্যবসায়ীর নিকট থেকে ৭ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। সোমবার (১১ ডিসেম্বর) সকাল ১১টার দিকে গাংনী উপজেলার কাথুলী মোড় ও বড় বাজার এলাকায় অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম বিষয়টি নিশ্চিত করেছেন।

অভিযানের প্রথমে গাংনী পৌর এলাকার কাথুলী মোড় বাজারে শিশিরপাড়া গ্রামের সিদ্দিক আলীর ছেলে আলমগীর হোসেনকে সরকারি দামের চেয়ে বেশি দামে মাংস বিক্রি করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৮ ধারা ভঙ্গের অপরাধে মালিক তার দোষ স্বীকার করায় দুই হাজার টাকা অর্থ দন্ড আদায় করা হয়।

অন্যদিকে, গাংনী বড় বাজার এলাকায় উত্তর পাড়া গ্রামের আব্দুল গফুরের ছেলে জাহাঙ্গীর হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৮ ধারা ভঙ্গের অপরাধে পাঁচ হাজার টাকা অর্থ দন্ডে দন্ডিত করা হয়।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ভ্রাম্যমান আদালতের বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

গাংনীতে ১৬৭৬ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

আজ সোমবার (১১ ডিসেম্বর) সকালে উপজেলার তেরাইল বাজার এলাকায় মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এর নেতৃত্বে অভিযান পরিচালনা করে ১৬৭৬ পিস ইয়াবা ট্যাবলেট সহ দুজন চিহিৃত মাদক ব্যবসায়ীকে আটক করে র্যাব।

আটককৃতরা হচ্ছে চট্রগ্রাম রাউজান উপজেলার কদলপুর আমিরপাড়া নুর মিয়ার ছেলে সোলেমান হায়দার (৪৫) ও মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামরে মৃত আব্দুল গণির ছেলে জাহাঙ্গীর আলম (৩৭)।

র্যাব-১২ সিপিসি-৩ কোম্পানী কমান্ডার সহকারি পুলিশ সুপার মনরিুজ্জামান সোমবার দুপুরে এক প্রেস প্রেস ব্রিফিংয়ে অভিযানের বিষয়টি সাংবাদিকদের সামনে তুলে ধরনে।

তিনি জানান, চট্রগ্রাম থেকে ইয়াবা সংগ্রহ করে ঢাকায় আসে সোলেমান হায়দার। গতকাল রাতে ঢাকা থেকে পরিবহনযোগে ইয়াবা নিয়ে গাংনীর তেরাইলে বিক্রয়ের উদ্দশ্যে আসে। তেরাইল বাজারে অবস্থান করার সময় অভিযান চালায় র্যাব। এ অভিযানে সোলেমান ও তার স্থানীয় সঙ্গী জাহাঙ্গীর আলমকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১ হাজার ৬৭৬ পিস ইয়াবা। তাদের দু’জনের নামে বিভিন্ন থানায় মাদকের একাধিক মামলা রয়ছে। তারা চিহ্নিত মাদক ব্যবসায়ী বলেও জানান র্যাব কমান্ডার।

র্যাব সুত্রে জানা গেছে, আটক দু’জনের নামে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে ।

উক্ত পরামর্শ সভা আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলার মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান।

এ সময় চাষীদের পুকুরে প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ-প্রতিকার, মাছ চাষের সাধারণ সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও খাদ্য ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ ও পানি পরীক্ষার গুরুত্ব তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে উপকারভোগীদের মাঝে উপকরণ বিতরন

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় উচ্চমূল্যের চিতল-কার্প মাছের মিশ্র চাষ প্রদর্শনীর জন্য চিতল মাছের পোনাসহ নানা উপকরণ বিতরন করা হয়।

আজ বৃহস্পতিবার সকালে আড়পাড়া, তেরাইল,ষোলোটাকাসহ অন্যান্য গ্রামের উপকারভোগীদের মাঝে চিতল মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, টমেটো, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় গাংনী উপজেলার মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে ট্রাক ট্রাংক লরি শ্রমিক ইউনিয়নের শাখা অফিস উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে আন্তজেলা ট্রাক ট্রাংক লরি কভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন মটমুড়া ইউনিয়ন বাউট নতুন শাখা অফিস উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ সময় বাওট বাধাগ্রস্থ প্রাথমিক

বিদ্যালয় হলরুমে শাখা অফিস উদ্বোধন অনুষ্ঠানের কার্যক্রম সুরু হয়।

অনুষ্ঠানে আব্দুল কুদ্দুসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, আন্ত জেলা ট্রাক ও মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি ও সাধারন সম্পাদক নজরুল ইসলাম।

এছাড়া্ও ট্রাক মালিক গ্রুপের যুগ্ম সাধারণ সম্পাদক মোস্তাক আহম্মেদ বাবু, জেলা ট্রাক মালক গ্রুপের যুগ্ম সাধারন সম্পাদক নুরুজ্জামান, কোষাধ্যক্ষ আমিনুর ইসলাম, কার্য নির্বাহী সদস্য ও মেহেরপুর জেলা পরিষদের প্যানেল মেয়র মুকুল হোসেন সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

নতুন শাখা অফিসের সভাপতি হিসেবে ঘোষণা করে হামিদুল ইসলাম কে এবং সাধারণ সম্পাদক বাবলু হক, সহ সভাপতি আলামিন হক,যুগ্ম সাধারণ সম্পাদক হানিফ আলী, সাংগঠনিক সম্পাদক সাঈদ মেম্বর,কষাধ্যাক্ষ মামুনুর রশিদ কে ঘোষনা করেন।

এ বিষয়ে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারণ সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান আমরা মালিক শ্রমিক একসাথে চলবো আমরা যদি এক হয়ে মিলেমিশে চলতে পারি তাহলে মেহেরপুর জেলা ট্রাক ও মটর শ্রমিক ইউনিয়ন আরো গতিশীল হবে সেই লক্ষ্য আজকে নতুন শাখা উদ্বোধন।

আপনার যাবতীয় সকল কার্যক্রমে জেলা ট্রাক মালিক গ্রুপ আপনাদের পাশে থাকবে।

গাংনীতে নাশকতা মামলায় ইউনিয়ন

বিএনপির সভাপতি গ্রেফতার

নাশকতার মামলায় গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন বিএনপির সভাপতি ও চেংগাড়া সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আল হেলালকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) ভোররাতের দিকে থানা পুলিশের একটি টিম প্রধান শিক্ষক আল হেলালের গাংনী শহরের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। আল হেলাল গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের হাজু বিশ্বাসের ছেলে।

ওসি তাজুল ইসলাম জানান,বিশেষ ক্ষমতা আইনে পুলিশের দায়ের করা মামলা নং ২, তারিখে ২/১২/২৩ এর আসামি প্রধান শিক্ষক আল হেলাল।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এদিকে প্রধান শিক্ষক আল হেলালকে গ্রেফতারের তীব্র নিন্দা জানিয়েছেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন। অবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহার মুক্তি দাবি করেন তিনি।